**AKASHVANI SILCHAR**

**REGIONAL NEWS UNIT**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**DATE: 27 Dec 2025**
**TIME: 7:35 AM**

---

রাজ্য সরকার পশ্চিম কার্বি আংলং জেলার খেরণির উচ্ছেদ সম্পর্কে দায়ের কর মামলার শীঘ্র রায়দানের জন্য উচ্চ ন্যায়লয়কে আহ্বান জানাবেন বলে মুখ্যমন্ত্রী ড হিমন্ত বিশ্ব শর্মা জানিয়েছেন । গতকাল দিসপুরে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা কার্বি জনগোষ্ঠীর বেশ কয়েকটি দল ও সংগঠনের প্রতিনিধিদের সংগে এক বৈঠকে অংশ গ্রহণের পর সংবাদ মাধ্যমের কাছে একথা জানান । তিনি বলেন যে বিষয়টি ন্যায়লয়ের বিচারাধীন হয়ে থাকার জন্য উচ্ছেদ সম্পর্কে সরকার কোনো সিদ্ধান্ত নিতে পারছেনা । খেরণির ডিজিআর ও পিজিআর জমিতে থাকা সরকারী কার্যালয়গুলি স্থানান্তর করা হবে উল্লেখ করে মুখ্যমন্ত্রী বলেন যে এই অঞ্চলগুলি সম্পূর্নভাবে বেরা দিয়ে বনানীকরণের

ব্যবস্থা করা হবে । পুলিশের গুলিতে মৃত্যু হোয়া কার্বি জনগোষ্ঠীর পরিবারকে রাজ্য সরকার ১০ লক্ষ টাকার ক্ষতিপূরণ দেবে বলে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা ঘোষনা করেছেন । তিনি বলেন যে তাদের পরিবারের একজন লোককে পরিষদ চাকুরী দেবার সিদ্ধান্ত গ্রহণ করেছে ।

---

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মার উপস্থিতিতে  নতুন দিল্লীতে আজ আসামের রাভা ,মিসিং ও তিওয়া জনগোষ্ঠীর এক প্রতিনিধিদলের সঙ্গে বৈঠকে মিলিত হন । স্বরাষ্ট্রমন্ত্রী জনগোষ্ঠীসমূহের প্রতিনিধিদের দাবীগুলি শোনা সহ প্রকৃত সমস্যা সমাধানের আশ্বাস প্রদান করেন । এই বৈঠকে স্বরাষ্ট্রমন্ত্রী জনগোষ্ঠীগুলির সমস্যা সৌহাদ্যপূর্ণ তথা দীর্ঘমেয়াদীভাবে সমাধান করার জন্য একজন প্রবীণ আধিকারিককে নিয়োগ করবেন বলে জানান ।

---

গৌহাটীর শ্রীমন্ত শংকরদেব কলাক্ষেত্রে  গতকাল থেকে দুদিনব্যাপী কার্যসূচীর মাধ্যমে আসাম প্রদেশ  বিজেপির রাজ্য কার্যনির্বাহক সভা শুরু হয়েছে ।  সভায় দলের জাতীয় কার্যকরী সভাপতি নীতিন নবীন অংশ গ্রহণ করেছেন । লোকপ্রিয় গোপীনাথ বরদলী আর্ন্তজাতিক বিমান বন্দরে উপস্থিত হোয়ার পর জাতীয় কার্যকরী

সভাপতিকে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা , দলের রাজ্য সভাপতি দিলীপ শইকীয়া সহ বেশ কয়েকজন মন্ত্রী ও নেতা কর্মীরা তাকে স্বাগত জানান । বিজেপির জাতীয় কার্যকরী সভাপতি রাজ্য বিজেপির কার্যনির্বাহক সভার উদ্বোধনী অনুষ্ঠানে ভাষন দেন । অনুষ্ঠানে মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা ,কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল ,জাতীয় উপাধ্যক্ষ বৈজয়ন্ত জয়পান্ডা ,কেন্দ্রীয় মন্ত্রী পবিত্র মার্ঘেরিটা প্রমূখ উপস্থিত ছিলেন । উল্লেখ্য আগামী বিধানসভা নির্বাচনের প্রতি লক্ষ্য রেখে ভারতীয় জনতা পার্টির রাজ্য নির্বাচন প্রবন্ধন সমিতি গতকাল গঠন করা হয় । সাংসদ  প্রদান বরুয়াকে এই সমিতির আহ্বায়কের দায়িত্ব অর্পন করা সহ সাংসদ কামাখ্যা প্রসাদ তাসা , রাজদীপ রায়  ও অনুপ বর্মনকে সহ - আহ্বায়কের দায়িত্ব অর্পন করা হয়েছে । রাজ্য সভাপতি দিলীপ শইকীয়া ৩৫ জনের এই নির্বাচন প্রবন্ধন সমিতিতে অনুমোদন জানান ।

---

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আগামী সোমবার নবনির্মিত জ্যোতি-বিষ্ণু প্রেক্ষাগৃহের উদ্বোধন করবেন উত্তর-পূর্বাঞ্চলের এই বৃহৎ প্রেক্ষাগৃহে একসঙ্গে ৫ হাজার লোকের বসার সুবিধা থাকবে । মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা একথা জানিয়েছেন ।

---

নতুন দিল্লীতে আজ থেকে তিনদিনব্যাপী পঞ্চম সংখ্যক মূখ্য সচিবদের জাতীয় সম্মেলন আরম্ভ হয়েছে । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল ও পরশু এই সম্মেলনে অধ্যক্ষতা করবেন । এই সম্মেলন জাতীয় উন্নয়নের অগ্রাধিকারের ওপরে পরিকাঠামোগত ও স্থায়ী আলোচনার মাধ্যমে কেন্দ্র ,রাজ্যের অংশীদারিত্ব শক্তিশালী করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ মাইল ফলক হিসেবে পরিগণিত হয়েছে । সম্মেলনে উন্নয়নমূলক কার্যসূচী চূড়ান্ত করার লক্ষ্যে গুরুত্বপূর্ণ আলোচনা অনুষ্ঠিত হবে । রাজ্য ও কেন্দ্রীয় শাসিত অঞ্চলসমূহের অনুসরণ করা বিকশিত ভারতের জন্য মানব মূলধন বিষয়টির উত্তম পদ্ধতি ও কৌশলসমূহ নিয়ে এই সম্মেলনে আলোচনা করা হবে ।

---

সম্প্রতি পূর্বোত্তর সীমান্ত রেলের দ্বারা জারি করা এক বিজ্ঞপ্তিতে 15609/15610 গৌহাটি সাইরং এক্সপ্রেস ট্রেনের সময়সূচি পরিবর্তন করে উভয় স্টেশন থেকে প্রস্থানের সময় বিকেলের পরিবর্তে সকাল করা হলে হাই লাকান্দিবাসি এই নতুন সমসূচি মেনে নিতে অস্বীকার করে প্রতিবাদমুখর হয়ে উঠেন। এ মর্মে রেল যাত্রী অধিকার সুরক্ষা সমিতি, নাগরিক অধিকার সুরক্ষা সমিতি, মার্চেন্টস চেম্বার্স, এক্স সার্ভিসম্যান এসোসিয়েশন সহ জেলার বিভিন্ন রাজনৈতিক দল এবং সংগঠনের যৌথ উদ্যোগে গতকাল হাইলাকান্দি শহরে এক প্রতিবাদী রেলির আয়োজন করা হয়। আয়োজনে রেল বিভাগ দ্বারা জারি করা এই অযৌক্তিক সময়

সুচির বিরুদ্ধে স্লোগান এবং বক্তব্য দেওয়া হয়। পরে বিভিন্ন সংগঠন দ্বারা রেলের উর্ধতন কর্তৃপক্ষের উদ্দেশ্যে নুতন সময়সূচি প্রত্যাহের দাবি সম্বলিত স্মারক পত্র প্রদান করা হয়। রেল যাত্রী অধিকার সুরক্ষা সমিতির সভাপতি সংগঠনের সদস্যদের সঙ্গে নিয়ে ৮২ জন রেল যাত্রীর স্বাক্ষর করা একখানা স্মারক পত্র হাইলাকান্দি রেল স্টেশন মাস্টারের মাধ্যমে উড়র্ধতন অধিকারিদের উদ্দেশ্যে প্রেরন করেন।

---

লায়ন্স ক্লাব অব শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং ইয়োথ এগেইনস্ট সোসিয়াল ইভিলস, ইয়াসির ব্যবস্থাপনায় আগামী ২৯শে ডিসেম্বর হাতিছড়া চা বাগান হাসপাতালে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবির সকাল ১০টায় শুরু হবে ।

---